# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ৭. ৪. যুদ্ধবন্দিকে টুকরো টুকরো করে মাবুদের সামনে বলি দেওয়া

বাইবেলের অন্যতম প্রসিদ্ধ নবী শামুয়েল এবং তাঁরই হাতে অভিষিক্ত ঈশ্বরের মাসীহ, নবী ও রাজা তালুত। ঈশ্বর তালুতকে আদেশ দেন আমালেক জাতিকে আক্রমণ করে সবাইকে হত্যা করতে। তালুত সবাইকে হত্যা করে রাজাকে জীবিত বন্দি করেন। তখন নবী শামুয়েল নিজে হাতে বন্দি রাজাকে কেটে টুকরো টুকরো করেন: ‘‘পরে শামুয়েল বললেন, ‘আমালেকীয়দের বাদশাহ অগাগকে আমার কাছে নিয়ে এস।’ এই কথা শুনে অগাগ তাঁর মোটা শরীর নিয়ে হেলে-দুলে শামুয়েলের কাছে আসলেন। তিনি ভাবলেন মৃত্যুর যন্ত্রণা এখন আর নেই। কিন্তু শামুয়েল বললেন, ‘তোমার তলোয়ারে অনেক স্ত্রীলোক যেমন সন্তানহারা হয়েছে, তেমনি স্ত্রীলোকদের মধ্যে তোমার মা-ও সন্তানহারা হবে। এই কথা বলে শামুয়েল গিলগলে মাবুদের সামনে অগাগকে টুকরা টুকরা করে কেটে ফেললেন।’’ (১ শামুয়েল ১৫/৩২-৩৩)

সুপ্রিয় পাঠক, নবী শামুয়েল তাঁর এ কর্মটির পক্ষে একটা কারণ পেশ করেছেন। এ কারণটিকে কার্যকর বা অকাট্য (Valid) বলে গ্রহণ করা হলে যাকোব, রুবেন, মোশি, ইউসা, শামাউন, তালুত, দাউদ প্রমুখ বাইবেলীয় নবী, কাজী, মাসীহ ও ঈশ্বরের পুত্ররা সকলেই এ বিধানের আওতায় পড়বেন। কারণ তাঁরা সকলেই নিজে বা আদেশের মাধ্যমে অনেক নিরপরাধ মাতাকে সন্তানহীন, সন্তানকে মাতৃহীন, স্বামীকে স্ত্রীহীন ও স্ত্রীকে স্বামীহীন করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন